Commission On
Human Rights

**New York City Commission on Human Rights**
22 Reade Street
New York, NY 10007
212-306-7450 | 212-416-0197
www.nyc.gov/site/cchr

2/6/25

# অভিবাসনের স্থিতি এবং জাতীয় উৎসের উপর ভিত্তি করে সুরক্ষা

**নিউ ইয়র্ক শহরে, আপনার প্রকৃত বা অনুভূত অভিবাসনের স্থিতি বা আপনার জাতীয় উৎসের কারণে কর্মসংস্থান, আবাসন এবং দোকানপাট, হাসপাতাল এবং সিনেমা থিয়েটারের মত পাবলিক স্পেসে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা যাবে না। আপনার অধিকারসমূহ আপনার অভিবাসনের স্থিতি নির্বিশেষে বজায় থাকে:**

- একজন ব্যক্তির নিয়োগকর্তা, সহকর্মী বা বাড়িওয়ালার মত আবাসন প্রদানকারীদের দ্বারা মানুষকে ভয় দেখানো, অপমান করা বা হেয় করার জন্য অপমানজনক বা আপত্তিকর শব্দ ব্যবহার করা অবৈধ, যার মধ্যে "অবৈধ বিদেশী" শব্দটির ব্যবহার অন্তর্ভুক্ত থাকে, যেখানে এর ব্যবহার অন্য ব্যক্তিকে ছোট করা, অপমান করা বা বিক্ষুব্ধ করার উদ্দেশ্যে করা হয়।
- শ্রমিকদের অভিবাসনের স্থিতির কারণে নিয়োগকর্তাদের দ্বারা তাদের কম মজুরি দেওয়া বা কোনও মজুরি না দেওয়া বা তাদের হয়রান করা, ভয় দেখানো বা শাসানোর জন্য ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্টে (Immigration and Customs Enforcement, ICE) কল করার হুমকি দেওয়া অবৈধ।
- ফেডারেল আইনের অধীনে, নিয়োগকর্তাদের অবশ্যই সম্ভাব্য কর্মচারীদের কাছে কাজের অনুমোদন প্রমাণ করার জন্য নির্দিষ্ট কিছু নথি চাইতে হবে। তবে, কোনও কর্মীর অভিবাসনের স্থিতি বা জাতীয় উৎস সম্পর্কে অনুমানের কারণে নিয়োগকর্তাদের দ্বারা কাজের অনুমোদন প্রমাণ করার জন্য অতিরিক্ত নথি দাবি করা অবৈধ।
- কারোর কাছে কাজের অনুমোদন না থাকার কারণে একজন নিয়োগকর্তা দ্বারা তাদের কাজ দিতে অস্বীকার করা অবৈধ নয়। তবে, নিয়োগকর্তারা চাকরির আবেদনকারীদের অভিবাসনের স্থিতি বা জাতীয় উৎসের কারণে তাদের থেকে আলাদা বা অতিরিক্ত নথিপত্র চাইতে পারেন না।
- বাড়িওয়ালা বা অন্যান্য আবাসন প্রদানকারীর দ্বারা কারোর অভিবাসনের স্থিতি বা জাতীয় উৎসের কারণে আবাসন বিক্রি করতে, ভাড়া দিতে বা লীজে দিতে অস্বীকার করা-বা ভিন্ন নিয়ম, শর্তাবলী বা সুযোগ-সুবিধার সাথে এটি করা-অবৈধ।
- ভাড়াটেদের অভিবাসনের স্থিতি বা জাতীয় উৎসের কারণে বাড়িওয়ালা বা অন্যান্য আবাসন প্রদানকারীদের দ্বারা তাদের হয়রান করা অবৈধ।
- ভাড়াটেদের অভিবাসনের স্থিতি বা জাতীয় উতসের কারণে বাড়িওয়ালা বা অন্যান্য আবাসন প্রদানকারীদের দ্বারা কোনও মেরামত করতে অস্বীকার করা বা তাদের নিম্নমানের আবাসন প্রদান করা অবৈধ।
- ভাড়াটেদের অভিবাসনের স্থিতির কারণে বাড়িওয়ালা বা অন্যান্য আবাসন প্রদানকারীদের দ্বারা তাদের হয়রান করা, ভয় দেখানো বা শাসানোর জন্য ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্টে (Immigration and Customs Enforcement, ICE) কল করার হুমকি দেওয়া অবৈধ।
- রেস্তোঁরা, দোকানপাট, হাসপাতাল বা অন্য কোনও পাবলিক আবাসন দ্বারা কোনও ব্যক্তির অভিবাসনের স্থিতি বা জাতীয় উৎসের কারণে তাদের পরিষেবা প্রদান করতে অস্বীকার করা বা তাদের অবাঞ্ছিত বোধ করানো অবৈধ। গ্রাহকদের উচ্চারণ, ইংরেজি ভাষায় সীমিত দক্ষতা বা অন্য ভাষার ব্যবহারের কারণে তাদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা অবৈধ।
- কোনও ব্যক্তি দ্বারা বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া, যেমন তাদের কর্মক্ষেত্রে অভিযোগ করা, বা এনওয়াইসি মানবাধিকার কমিশন (NYC Commission on Human Rights) বা অন্য

কোনও এজেন্সিতে অভিযোগ দায়ের করার ফলে তাদের শাস্তি দেওয়া বা তদের বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ অবৈধ।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার অভিবাসনের স্থিতি, জাতীয় উৎস, বা অন্য সুরক্ষিত শ্রেণিতে সদস্যতার কারণে আপনার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে সেই বৈষম্যের অভিযোগ দায়ের করতে অনুগ্রহ করে **(212) 416-0197 -**তে কমিশনের সাথে যোগাযোগ করুন।